



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়।

৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ঝণ আদায় বিভাগ।

Email: dgmrecovery@krishibank.org.bd



মুক্তিবাদী
প্রতিষ্ঠান

মুক্তিবাদী প্রতিষ্ঠান
আর্থিক আন্দোলন অভিযন্তা

ফোন: ০২-৯৫৬৩১৬৫

তারিখ: ২৪-০৮-২০২১ খ্রিঃ

নং প্রকা/আদায়-১(৫৯)/২০২১-২০২২/১২৬

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রণীত বার্ষিক ঝণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঝণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ
ও ঝণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০২০-২০২১ অর্থ বছরে শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঝণ আদায় লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত না হওয়ায় ৩০-০৬-২০২১ সুত্রে তারিখে শ্রেণীকৃত ঝণ স্থিতির পরিমাণ ও হার কাঁথিত পরিমাণ হ্রাস পায়নি। সম্পূর্ণ পুনঃতফসিলিকৃত ঝণের উপর ধার্যকৃত সুদ ও ৫২-স্থগিত সুদ আয়োজনে এবং অবলোপনকৃত ঝণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণে ২০২০-২০২১ অর্থ বছর শেষে অত্র ব্যাংক লোকসানের সম্মুখীন হয়েছে, যা কোনভাবেই কাম্য ছিল না।

০১। ব্যাংকের স্বার্থ অঙ্গুল রাখা, আর্থিক ভিত্তি মজবুতকরণ ও আয় বৃদ্ধির লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরে শ্রেণীকৃত ঝণ স্থিতির ৪২%, শ্রেণীযোগ্য ঝণ এবং দ্বিতীয়ের আওতায় আদায়যোগ্য স্বল্প মেয়াদী কৃষি ঝণ স্থিতির সম্পূর্ণ অংশ ঝণ আদায় লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিতকরণপূর্বক ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে বাস্তবতাত্ত্বিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ একান্ত আবশ্যক।

০৩। ২০২১-২০২২ অর্থ বছরে ঝণ বিভরণ ও আমানত সংগ্রহে গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহ ৩৮০,০০০ জন নতুন খণ্ডনীয়তাকে ঝণ প্রদান, ৫,০০,০০০ লক্ষ নতুন কম সুবাহী আমানত হিসাব খোলাসহ ২,০০,০০০ নতুন প্রবর্তীত আমানত ক্ষীমের আওতায় হিসাব খুলতে হবে। মাঠ কার্যালয়ে নিরোজিত নির্বাহী ও প্রয়োটারগণকে বিশেষ করে শ্রেণীকৃত ঝণ, শ্রেণীযোগ্য-১ ও ২, দ্বিতীয়ের আওতায় আদায়যোগ্য স্বল্প মেয়াদী কৃষি ঝণ, ৫২-স্থগিত সুদ হতে আদায়, পুনঃতফসিলিকৃত ঝণ এবং অবলোপনকৃত ঝণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ঝণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের মাধ্যমে ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত এবং আয় বৃদ্ধির লক্ষ্যে সুনির্দিষ্ট ঝণ আদায় কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা যথাযথভাবে বাস্তবায়নের জন্য বর্ণিতভাবে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ঝণ আদায় ক্যালেন্ডার প্রণয়ন করা হলো।

(ক) ঝণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল ও ঝণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প আয়োজনের তারিখ :

ক্রমিক	মাসের নাম	ঝণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল	মহাক্যাম্প আয়োজনের তারিখ
০১	সেপ্টেম্বর, ২০২১	১৫ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর, ২০২১	১৫ ও ২৯ সেপ্টেম্বর, ২০২১
০২	অক্টোবর, ২০২১	০৩ অক্টোবর হতে ২৮ অক্টোবর, ২০২১	০৬, ১৩ ও ২৭ অক্টোবর, ২০২১
০৩	নভেম্বর, ২০২১	০১ নভেম্বর হতে ৩০ নভেম্বর, ২০২১	০৩, ১৬ ও ২৪ নভেম্বর, ২০২১
০৪	ডিসেম্বর, ২০২১	০১ ডিসেম্বর হতে ২৭ ডিসেম্বর, ২০২১	০১, ০৮, ১৫ ও ২২ ডিসেম্বর, ২০২১
০৫	জানুয়ারি, ২০২২	০৯ জানুয়ারি হতে ২৭ জানুয়ারি, ২০২২	১২, ১৯ ও ২৬ জানুয়ারি, ২০২২
০৬	ফেব্রুয়ারি, ২০২২	০১ ফেব্রুয়ারি হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২২	০২, ১৬ ও ২৩ ফেব্রুয়ারি, ২০২২
০৭	মার্চ, ২০২২	০১ মার্চ হতে ৩১ মার্চ, ২০২২	০২, ১৬, ২৩ ও ৩০ মার্চ, ২০২২
০৮	এপ্রিল, ২০২২	০৩ এপ্রিল হতে ২৮ এপ্রিল, ২০২২	১৩, ২০ ও ২৭ এপ্রিল, ২০২২
০৯	মে, ২০২২	০১ মে হতে ৩১ মে, ২০২২	০৪, ১৭, ২৪ ও ৩১ মে, ২০২২
১০	জুন, ২০২২	০১ জুন হতে ২৭ জুন, ২০২২	০১, ০৮, ১৫ ও ২২ জুন, ২০২২

(খ) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহ উল্লেখিত মহাক্যাম্পের নির্ধারিত তারিখে মাঠকর্মীদের সমন্বয়ে শাখা প্রাঙ্গনে অথবা সুবিধাজনক স্থানে ক্যাম্প/মহাক্যাম্পের আয়োজন করবে;

(গ) উল্লেখিত মহাক্যাম্প আয়োজনের দিন ছাড়াও প্রতি সপ্তাহে সুবিধাজনক দিন ও সময়ে মাঠকর্মী ভিত্তিক ঝণ আদায়ের ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন করবে;

(ঘ) উল্লেখ্য, উপরোক্ত ঝণ আদায় মহাক্যাম্প আয়োজনের নির্ধারিত তারিখ পরবর্তীতে সরকারী ছুটির আওতাভুজ হলে, সংশ্লিষ্ট দিনের ঝণ আদায় মহাক্যাম্প পরবর্তী কার্যদিবসে আয়োজন করতে হবে।

(ঙ) এ ছাড়াও, ১৬ নভেম্বর/২০২১ তারিখে নবাবী উৎসব, ১৩ এপ্রিল/২০২২ তারিখে শুভহালখাতা এবং ১৭ মে/২০২২ তারিখে মধুমেলার মূল অনুষ্ঠান আয়োজন করতে হবে। উল্লেখ্য নবাবী উৎসব, শুভ হালখাতা ও মধুমেলা অনুষ্ঠান আয়োজনে পরবর্তীতে প্রয়োজনীয় বিশেষ নির্দেশনা প্রদান করা হবে।

(১)

চলমান পাতা-০২

০৫। উল্লিখিত ঋণ আদায় ক্যালেন্ডার মোতাবেক ঋণ আদায় মহাক্যাম্প/ক্যাম্প আয়োজন এবং তা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বর্ণিত বিষয়ে সর্বাধিক গুরুত্বারোপ করতে হবে:

- (০১) ঋণ গ্রহীতাগণের তালিকা হালনাগাদকরণ;
- (০২) নোটিশ জারীকরণঃ ডিউ ডেট রেজিস্টার হালনাগাদ করে প্রযোজ্য ক্ষেত্রে ডিমান্ড, লিগ্যাল ও বিশেষ নোটিশ জারীকরণ;
- (০৩) ঋণ গ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগ বৃদ্ধিকরণ;
- (০৪) শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য ঋণ, দিগ্নগের আওতায় আদায়যোগ্য সম্প্রদায় মেয়াদী ক্ষমি ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণ আদায় কার্যক্রম তুরান্বিতকরণ;
- (০৫) শীর্ষ ২০/৫০/১০০ খেলাপী ঋণগ্রহীতাদের নিকট হতে বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে শাখা/অঞ্চল ও বিভাগীয় কার্যালয়ের সাথে প্রতি মাসে দ্বি-পার্শ্বিক আলোচনা সভার আয়োজনপূর্বক খেলাপী ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- (০৬) ৫২-স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ, পুনঃতফসিলিকৃত ঋণ ও অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ;
- (০৭) তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধকরণ ও ভূয়া ঋণ আদায় কার্যক্রম তুরান্বিতকরণ পূর্বক ব্যাংকের ক্ষতি হ্রাসকরণ;
- (০৮) অর্থ ঋণ আদালত/সার্টিফিকেট আদালতে দায়েরকৃত মোকদ্দমা নিষ্পত্তিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- (০৯) সুদবিহীন ও সম্প্রদায় আমানত সংগ্রহকরণ;
- (১০) লাভজনক রীতে ঋণ বিতরণ নিশ্চিতকরণ

০৬। উপরোক্ত কার্যক্রমসমূহ সফলভাবে সম্পাদন ও বাস্তবায়নের লক্ষ্যে ঋণ আদায় বিভাগ হতে জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপন্থ নং-০২/২০২১, তারিখ ১৮-০৮-২০২১ এতদ্সংজ্ঞান্ত বিষয়ে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ হতে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

০৭। বিআরপিডি-০৫ তারিখ ১৬-০৫-২০১৯ এর আওতায় ঋণ পুনঃতফসিল ও এক্সিট পলিসির আওতায় সুবিধা প্রাপ্ত ঋণগ্রহীতাদের শাখা পর্যায়ে তালিকা প্রনয়ন করে শাখা ব্যবস্থাপকের নিকট সংরক্ষণ করে পুনঃতফসিলকৃত ঋণসমূহের নিয়মিত কিস্তি তদারকীর মাধ্যমে আদায় এবং Exit Policy এর আওতায় মডেলকৃত ঋণসমূহ আদায় নিশ্চিত করাকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে হবে।

০৮। ঋণ আদায় কার্যক্রমে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্তকরণঃ উল্লিখিত ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীসহ শাখা পর্যায়ে শাখা ব্যবস্থাপকগণ প্রত্যেক মাঠকে সহ শাখায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের সম্পৃক্ত করতে হবে।

০৯। মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ শাখাসমূহ কর্তৃক আয়োজিত ক্যাম্প/মহাক্যাম্প সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনে নির্দেশনা প্রদানের বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিশেষভাবে গুরুত্বারোপ করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে উল্লিখিত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচিসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্পে উপস্থিত থাকবেন। ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন এবং ঋণ আদায় কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখা পর্যায়ে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি পরিলক্ষিত হলে তাঙ্কনিকভাবে তাঁর বিকল্পে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ উপরোক্ত বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহের কার্যক্রম প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহী/প্রমোটরগণ কর্তৃক নিয়মিতভাবে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

১১। উপর্যুক্ত অবস্থায়, ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রণীত ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প সফলভাবে আয়োজন করে ব্যাংকের সার্বিক কার্যক্রম গতিশীল ও জোরাদারকরণ পূর্বক বার্ষিক ঋণ আদায়, ঋণ বিতরণ ও আমানত সংগ্রহসহ সকল ব্যবস্থাপক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন এবং ৩০-০৬-২০২২ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতির হার শুন্যের ক্ষেত্রে নামিয়ে আনার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস

২৪/৮/২১

(মোঃ আজিজুল বারী)

মহাব্যবস্থাপক

ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

তারিখঃ ২৪-০৮-২০২১ খ্রি

নং-প্রকা/আদায়-১ (৫৯)/২০২১-২০২২/১২৬(০৫)

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

০১। চীফ স্টোফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৩। সচিব, পর্যাদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপন্থটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি(সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।

০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। নথি/মহানথি।

(মোহাম্মদ আজিজুর রহমান ফরিদ)

উপ-মহাব্যবস্থাপক